যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ২ ... কলাম ৪

AUG 07 2002

যুগান্তরকে ভারপ্রাপ্ত ভিসি



নির্বাচনের মাধ্যমেই নতুন ভিসি নিয়োগ হবে

ফয়জুল্লাহ মাহমুদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার

ভিসি : পৃষ্ঠা ১৫ কলাম ৭

ভিসি : নতুন

(১ম পৃষ্ঠার পর)

বলেছেন, সিনেট ভিসি প্যানেল নির্বাচনের মাধ্যমে নতুন উপাচার্য নিযুক্ত হবেন। বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি স্বাভাবিক হলে সিনেট সভা ডাকা হবে। ধীরে ধীরে পরিস্থিতি শান্ত হচ্ছে। অবশেষে ক্যাম্পাস যেন অশান্ত না হয় সে ব্যাপারে তিনি ছাত্র-শিক্ষক-অভিভাবকসহ সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেছেন।

গতকাল যুগান্তরকে দেয়া এক সাক্ষাৎকারে ভারপ্রাপ্ত উপাচার্য একথা বলেন। বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি সম্পর্কে তিনি বলেন, ইতিমধ্যে পুলিশ-বিডিআরের কর্তন উঠে গেছে। রাস্তাগুলো যানবাহন চলাচলের জন্য খুলে দেয়া হয়েছে। পর্যায়ক্রমে ক্যাম্পাসে মোতায়েনকৃত পুলিশ প্রত্যাহার করা হবে। সমস্যা যত কমছে, পরিস্থিতি তত স্বাভাবিক হয়ে আসছে।

বিশ্ববিদ্যালয় খুলতে বিলম্বের কারণ সম্পর্কে তিনি বলেন, অনেকগুলো প্রশাসনিক স্তর নিয়ে বিশ্ববিদ্যালয় পরিচালিত হয়। বিভিন্ন কমিটির সঙ্গে আলোচনার মাধ্যমে রিপোর্ট নেয়া হচ্ছে। ইতিমধ্যে সিন্ডিকেট ও প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সঙ্গে সভা করেছি। কাল ডিনস কমিটির সভা, সবার সঙ্গে এমনকি ছাত্র সংগঠনের সঙ্গে আলোচনার মাধ্যমে প্রাপ্ত রিপোর্ট পরবর্তী সিন্ডিকেট সভায় পর্যালোচনার পর বিশ্ববিদ্যালয় খোলার তারিখ নির্ধারণ করা হবে। তবে কবে নাগাদ পরবর্তী সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হবে তা তিনি বলেননি। অবশ্য বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় সেশনজটের সৃষ্টি হবে উল্লেখ করে তিনি বলেন- ক্লাস, পরীক্ষা অনুষ্ঠিত না হওয়ায় শিক্ষা কার্যক্রমের ওপর একটা নেতিবাচক প্রভাব পড়বে। তবে অতিরিক্ত ক্লাস গ্রহণের মাধ্যমে সেই সমস্যা নিরসনের উদ্যোগ নেয়া হবে বলে তিনি জানান।

শামসুন্নাহার হলের ঘটনার ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের, পুলিশের নাকি ছাত্রলীগের- এ প্রশ্নের জবাবে কোন মন্তব্য করতে তিনি রাজি হননি। তিনি বলেন, এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়, পুলিশ এবং বিচার বিভাগীয় তিনটি তদন্ত কমিটি কাজ করছে। তারাই বের করবে কারা দায়ী। তবে তিনি ওই ঘটনাকে দুঃখজনক বলে উল্লেখ করেন।